# শিক্ষা ও মেধাবী বৃত্তি নীতিমালা-২০১৭

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

# "শিক্ষা ও মেধাবী বৃত্তি নীতিমালা-২০১৭"
## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

**১। পটভূমি ঃ**

পৃথিবীর অন্যান্য রাষ্ট্রের ন্যায় বাংলাদেশ সরকার ও সামাজিক নিরাপত্তা বেষ্টনী দৃঢ়করণের লক্ষ্যে দেশের দু:স্থ, অবহেলিত, সুবিধাবঞ্চিত, এতিম, প্রতিবন্ধি এবং অনগ্রসর মানুষের কল্যাণ ও উন্নয়নের ক্ষেত্রে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করছে। সামাজিক নিরাপত্তা বিধানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন তার সাংবিধানিক দায়িত্বের অংশ হিসেবে এ কর্মসূচি গ্রহণ করছে। বাংলাদেশের সংবিধানের ১৫, ১৭, ২০ এবং ২৯ অনুচ্ছেদে অন্যান্য নাগরিকদের সাথে দু:স্থ, অবহেলিত, সুবিধাবঞ্চিত, এতিম, প্রতিবন্ধি, মুক্তিযোদ্ধার সন্তান এবং অনগ্রসর মানুষের সমসুযোগ ও অধিকার প্রদান করা হয়েছে। সংবিধানের ১৫(ঘ) অনুচ্ছেদে বলা হয়েছে যে, সামাজিক নিরাপত্তার অধিকার অর্থাৎ বেকারত্ব, ব্যাধি বা পঙ্গুত্বজনিত কিংবা বৈধতা, মাতৃ-পিতৃহীনতা বা বার্ধক্যজনিত কিংবা অনুরূপ পরিস্থিতিজনিত কারণে অভাবগ্রস্থতার ক্ষেত্রে সরকারি সাহায্য লাভের অধিকার রয়েছে।

**২। শিরোনাম ঃ**

এ নীতিমালা **"শিক্ষা ও মেধাবী বৃত্তি নীতিমালা-২০১৭"** নামে অভিহিত হবে।

**৩। কার্যকর ঃ**

এ নীতিমালা জারীর তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে।

**৪। সংজ্ঞা ঃ**

৪.১ "কর্পোরেশন" বলতে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" কে বুঝাবে;
৪.২ "মেয়র" বলতে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" এর মেয়র'কে বুঝাবে;
৪.৩ "প্রশাসক" বলতে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" এর প্রশাসক'কে বুঝাবে;
৪.৪ "কর্তৃপক্ষ" বলতে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগের জন্য তৎকর্তৃক মনোনিত কোন কর্মকর্তা এবং উক্ত কর্মকর্তা ও উর্দ্ধতন কর্মকর্তা এর অন্তভূক্ত;
৪.৫ **"দরিদ্র"** বলতে নীতিমালার ১১.২ অনুচ্ছেদের বর্ণিত বার্ষিক আয় তিনলক্ষ টাকার উর্দ্ধেনয় বুঝাবে;

**৫। কর্মসূচীর লক্ষ্য ও উদ্দেশ্য ঃ**

৫.১ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় শিক্ষার আলো ছড়িয়ে দেয়া;
৫.২ রূপকল্প ২০২১ এবং SDG এর লক্ষ্য অর্জন;
৫.৩ ক্রমান্বয়ে শিশু শ্রম দূর ও শিশুকে বিদ্যালয়মুখি করা;
৫.৪ বিদ্যালয় বহির্ভূত শিশুর সংখ্যা হ্রাস করা;
৫.৫ অস্বচ্ছল ও মেধাবী ছাত্র-ছাত্রীদের উৎসাহ প্রদান ও পৃষ্ঠপোষকতা হিসেবে মেয়াদী/এককালীন বৃত্তি প্রদান;
৫.৬ শিক্ষা প্রতিষ্ঠানে গমনোপযোগী দরিদ্র পরিবারের শিশু কিশোরদের ভর্তির হার বৃদ্ধি করণ;
৫.৭ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ঝড়ে পড়া রোধকরণ;
৫.৮ দরিদ্র ও পশ্চাৎপদ এলাকার ছেলে-মেয়েদের শিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধি করা;
৫.৯ অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা, পৃষ্ঠপোষকতা, মেধার স্বীকৃতি প্রদান;

**৬। কর্মসূচি বাস্তবায়ন কৌশল ঃ**

৬.১ দৈনিক জাতীয় পত্রিকায় এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা;
৬.২ এই নীতিমালার আলোকে বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ;
৬.৩ চূড়ান্ত তালিকা প্রনয়ণ ও অনুমোদন;
৬.৪ বৃত্তি প্রদান করা;

৭। বাস্তবায়ন কর্তৃপক্ষ ঃ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এই কর্মসূচি বাস্তবায়ন করবে।

৮। শিক্ষাবৃত্তি কর্মসূচির আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ঃ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সীমানার ভিতরে সরকার কর্তৃক স্বীকৃত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

৯। প্রার্থী নির্বাচনে মানদন্ড ঃ

৯.১ শিক্ষার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;

৯.২ পরিবারের আর্থ-সামাজিক অবস্থা বিবেচিত হবে;

৯.৩ দরিদ্র, ভূমিহীন, গৃহহীন ও প্রতিবন্ধি ছাত্র-ছাত্রীগণ শিক্ষা বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

৯.৪ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অস্বচ্ছল চাকুরীজিবীদের সন্তানগণ এ শিক্ষাবৃত্তির আওতায় অগ্রাধিকার পাবে;

৯.৫ প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কোন কারণে ক্ষতিগ্রস্থ, এসিডদগ্ধ শিক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে;

৯.৬ এতিম/অনাথ, দু:স্থ, আদিবাসী, দলিত হরিজন, বেদে সম্প্রদায়ের শিক্ষার্থী এবং প্রতিবন্ধী পথশিশু শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানে অগ্রাধিকারের বিষয়টি বিবেচিত হবে;

১০। শিক্ষাবৃত্তি প্রদানের স্তর ঃ

নিম্নের চারটি স্তরে শিক্ষাবৃত্তির অর্থ প্রদান করা হবে।

১০.১ প্রাথমিক স্তর (৫ম শ্রেণি পর্যন্ত);

১০.২ নিম্ন মাধ্যমিক স্তর (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত);

১০.৩ মাধ্যমিক স্তর (৯ম থেকে ১০ম শ্রেণি পর্যন্ত);

১০.৪ উচ্চ মাধ্যমিক স্তর (একাদশ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত);

❖ স্তরভিত্তিক শিক্ষাবৃত্তির হার বৃদ্ধি/হ্রাসের ক্ষমতা ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সংরক্ষণ করবে।

১১। শিক্ষাবৃত্তি প্রাপকের যোগ্যতা ও শর্ত সমূহ ঃ

PSC, PDC, JSC, JDC, SSC ও দাখিল সহ সমমানের বোর্ড পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নোক্ত ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তি প্রদান করা হবেঃ

| ক্রঃ নং | স্তর/ক্যাটাগরি | নূণ্যতম জিপিএ |
|---|---|---|
| ১. | সাধারন শিক্ষার্থী ক্যাটাগরি | জিপিএ- ৫ |
| ২. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অস্বচ্ছল চাকুরীজিবীর সন্তানদের ক্ষেত্রে | জিপিএ- ৪.৫ |
| ৩. | প্রতিবন্ধী শিক্ষার্থী ক্যাটাগরি | জিপিএ- ৩.৫ |

১১.১ ৭ম, ৮ম ও ১০ম শ্রেণিতে বৃত্তি পাওয়ার ক্ষেত্রে বার্ষিক পরীক্ষায় উপরোক্ত ছকে বর্নিত জিপিএ/সমমান প্রাপ্ত হতে হবে;

১১.২ পিতা-মাতা বা আইনগত অবিভাবকের বার্ষিক আয় ৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকার উর্দ্ধে নয়;

১১.৩ প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বিবাহিত শিক্ষার্থীরা বৃত্তির আওতায় আসবেনা;

১১.৪ স্কুলে আসা বন্ধ হলে বা ড্রপ আউট হলে আর্থিক সহযোগিতা বন্ধ হবে;

১১.৫ কর্তৃপক্ষ/ব্যবস্থাপনা কমিটির নিকট যথোপযুক্ত বিবেচিত হলে কোন শর্ত রহিতকরণ, সংশোধন কিংবা অর্ন্তভুক্ত করতে পারবে;

১২। আবেদন প্রক্রিয়া ঃ

জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন সংগ্রহ করা হবে। আবেদন ফরম ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়েব সাইট **www.dncc.gov.bd** তে পাওয়া যাবে।

১২.১ আবেদনপত্র জমা দেয়ার স্থানঃ

ক) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;

খ) সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;

১২.২ আবেদনপত্রের সাথে নিম্মোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে ঃ

ক) পরিবার প্রধানের পেশা ও আয়ের প্রত্যয়ন পত্র (সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদেয়);

খ) পিএসসি/পিডিসি/জেএসসি/জেডিসি/এসএসসি/দাখিল সহ সমমান পরীক্ষার নম্বর পত্র;

গ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র;

## ১৩। যে কারণে শিক্ষাবৃত্তি বাতিল করা যাবে ঃ

১৩.১ কোন অভিযোগের সঠিক তদন্ত সাপেক্ষে কর্তৃপক্ষ যেকোন শিক্ষার্থীর অনুকূলে বরাদ্দকৃত বৃত্তি বাতিল বা প্রত্যাহার করতে পারবে।

১৩.২ যুক্তিসঙ্গত কারণ ব্যতিত একটানা ৩ মাস ক্লাসে অনুপস্থিত থাকলে শিক্ষা বৃত্তি প্রদানের আদেশ বাতিল করা যাবে;

১৩.৩ যুক্তিসঙ্গত কারণ ব্যতিত নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণ না করলে;

১৩.৪ শিক্ষা প্রতিষ্ঠানের যুক্তিসঙ্গত অভিযোগের প্রেক্ষিতে;

## ১৪। প্রাথমিক বাছাই কমিটি ঃ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বৃত্তির জন্য প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই করে বৃত্তি ক্যাটাগরি ভিত্তিক বৈধ ও যোগ্য শিক্ষার্থীদের নামের তালিকা সুপারিশসহ ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করার জন্য অঞ্চল ভিত্তিক বাছাই কমিটি গঠন করা হবে। কমিটির গঠন নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ১ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সভাপতি |
| ২ | সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৩ | উপ-কর কর্মকর্তা (১জন, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনিত) | সদস্য |
| ৪ | প্রশাসনিক কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৫ | সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য-সচিব |

## ১৫। ব্যবস্থাপনা কমিটি ঃ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন শিক্ষা ও মেধাবী বৃত্তি প্রদানের লক্ষ্যে ব্যবস্থাপনা কমিটি গঠন করবে। কমিটির গঠন নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ১। | মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | উপদেষ্টা |
| ২। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সভাপতি |
| ৩। | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সদস্য |
| ৪। | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সদস্য |
| ৫। | সাধারন ওয়ার্ড কাউন্সিলর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; (১ জন মেয়র মহোদয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬। | সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; (১ জন মেয়র মহোদয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭। | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সদস্য |
| ৮। | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সদস্য |
| ৯। | আইন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সদস্য |
| ১০। | প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সদস্য |
| ১১। | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১২। | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৩। | এনজিও প্রতিনিধি ( প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪। | বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সদস্য |
| ১৫। | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; | সদস্য-সচিব |

❖ ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনে কমিটিতে যে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

## ১৬। ব্যবস্থাপনা কমিটির কর্ম পরিধি ঃ

১৬.১ শিক্ষাবৃত্তির সংখ্যা নির্ধারণ ও প্রস্তাবনা পেশ;

১৬.২ আবেদনপত্র দাখিলের তারিখ নির্ধারণ, বিজ্ঞাপন প্রচার ও আবেদনপত্র গ্রহণ;

১৬.৩ বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন;

১৬.৪ শিক্ষাবৃত্তির জন্য টাকার পরিমান নির্ধারণ করে সুপারিশ প্রদান;

১৬.৫ স্বচ্ছতা ও সঠিকভাবে বৃত্তি প্রদান নিশ্চিত করণ;

১৬.৬ বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট প্রনয়ণ এবং তদানুযায়ী কার্যক্রম বাস্তবায়ন;

১৬.৭ সভাপতির অনুমোদনক্রমে সদস্য-সচিব বিজ্ঞপ্তি প্রদান করবেন;

১৬.৮ সদস্য-সচিব ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন;

১৬.৯ সদস্য-সচিব সভায় গৃহীত সিদ্ধান্ত লিপিবদ্ধ, কার্যপত্র উপস্থাপন, রেকর্ডপত্র, দলিল, নথি, রেকর্ড সংরক্ষণ করবেন;

১৬.১০ সদস্য-সচিব ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত ও কার্যক্রম অনুমোদনের জন্য সভাপতির মাধ্যমে মেয়র এর নিকট উপস্থাপন করবেন;

১৬.১১ কর্তৃপক্ষ/ব্যবস্থাপনা কমিটি যেকোন সময় শিক্ষাবৃত্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৬.১২ প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি;

## ১৭। বৃত্তি প্রদানের সময় ঃ

সাধারনত প্রতি পঞ্জিকা বছরের আগস্ট থেকে অক্টোবর মাস পর্যন্ত বৃত্তি প্রদান করা হবে। তবে অস্বাভাবিক/অনাকাঙ্খিত পরিস্থিতিতে কর্তৃপক্ষ অন্য সময় বৃত্তি প্রদান করার ক্ষমতা সংরক্ষণ করে।

## ১৮। শিক্ষা বৃত্তি তহবিল ঃ

১৮.১ শিক্ষাবৃত্তি তহবিলের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বাজেটে অর্থের সংস্থান রাখা;

১৮.২ সরকার হতে প্রাপ্ত বরাদ্দ বা অনুদান;

১৮.৩ দানশীল ব্যক্তি/প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শর্তহীন ও নিঃস্বার্থ দান;

১৮.৪ স্থায়ী আমানত/বিনিয়োগ হতে প্রাপ্ত আয়;

১৮.৫ সরকারের অনুমোদন সাপেক্ষে যে কোন আন্তর্জাতিক সাহায্য সংস্থা/প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শর্তহীন ও নিঃস্বার্থ দান;

১৮.৬ বিবিধ;

## ১৯। তহবিল পরিচালনা ঃ

১৯.১ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন শিক্ষাবৃত্তি তহবিল নামে তফসিলভূক্ত ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব থাকবে;

১৯.২ তফসিলী ব্যাংক/ডাকঘর সঞ্চয় ব্যাংক/জাতীয় সঞ্চয়ী ব্যুরোতে স্থায়ী আমানত/বিনিয়োগ করা যাবে;

১৯.৩ ব্যাংক হিসাব ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচিব ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে;

## ২০। বার্ষিক প্রতিবেদন ঃ

ব্যবস্থাপনা কমিটি প্রতিবছর বৃত্তি তহবিলের আয়-ব্যয় বিবরণী ও বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বিবরণ সহ প্রতিবেদন মেয়র এর নিকট উপস্থাপন করবে।

## ২১। হিসাব ও নিরীক্ষা ঃ

২১.১ ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব যাবতীয় হিসাব সংরক্ষণ করবেন এবং তিনি যাবতীয় রেকর্ডপত্র, নথি, রেজিস্টার সংরক্ষণ ও ব্যবহার করবেন;

২১.২ প্রধান নিরীক্ষা কর্মকর্তা বাৎসরিক নিরীক্ষা করবেন এবং ব্যবস্থাপনা কমিটির নিকট প্রতিবেদন দাখিল করবেন'

## ২২। নীতিমালা সংশোধনী ঃ

শিক্ষাবৃত্তি পরিচালনার স্বার্থে নীতিমালার কোন বিষয়ে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা সংক্ষিপ্তায়ন, বাতিল অথবা সংশোধন করার ক্ষমতা কর্পোরেশনের থাকবে।

(পারভীন মেহতাব)
প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য
শিক্ষা ও মেধাবী বৃত্তি নীতিমালা
চূড়ান্তকরণ কমিটি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

(লেঃ কর্নেল মোঃ আজাদুর রহমান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিদ্যুৎ ও
সদস্য
শিক্ষা ও মেধাবী বৃত্তি নীতিমালা
চূড়ান্তকরণ কমিটি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

(মোঃ আমিনুল ইসলাম)
প্রধান সম্পত্তি কর্মকর্তা ও
সদস্য
শিক্ষা ও মেধাবী বৃত্তি নীতিমালা
চূড়ান্তকরণ কমিটি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
প্রধান রাজস্ব কর্মকর্তা ও
সদস্য
শিক্ষা ও মেধাবী বৃত্তি নীতিমালা
চূড়ান্তকরণ কমিটি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

(সৈয়দ কুদরতউল্লাহ)
অতিঃ প্রধান প্রকৌশলী ও
সদস্য
শিক্ষা ও মেধাবী বৃত্তি নীতিমালা
চূড়ান্তকরণ কমিটি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

(দুলাল কৃষ্ণ সাহা)
সচিব ও
সভাপতি
শিক্ষা ও মেধাবী বৃত্তি নীতিমালা
চূড়ান্তকরণ কমিটি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## শিক্ষা ও মেধাবী বৃত্তির আবেদন ফরম

(১ম থেকে ১২তম শ্রেণী)

(অর্থ বছর ২০২৫ - ২০২৬)

ছবি

বরাবর
মাননীয় প্রশাসক
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

### ১ম অংশ- শিক্ষার্থী কর্তৃক পূরণীয়:

১. আবেদনকারীর নাম (ক) বাংলায়:
(খ) ইংরেজী (বড় অক্ষরে):

২. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর:

৩. অধ্যয়নরত শ্রেণী: বিভাগ: শিক্ষাবর্ষ: রোল:

৪. লিঙ্গ :

৫. পিতার নাম: পেশা: বার্ষিক আয়:

৬. মাতার নাম: পেশা: বার্ষিক আয়:

৭. পিতার এন আই ডি নম্বর: মোবাইল নম্বর:

৮. মাতার এন আই ডি নম্বর: মোবাইল নম্বর:

৯. পিতা/ মাতার অবর্তমানে অভিভাবকের নাম:

১০. অভিভাবকের এনআইডি নম্বর: মোবাইল নম্বর:

১১. অভিভাবকের সঙ্গে সম্পর্ক:

১২. আবেদনকারী শিক্ষার্থীর পরীক্ষার ফলাফলের বিবরণ:

| পরীক্ষার নাম | বিদ্যালয় /কলেজের নাম ও ঠিকানা | বিভাগ/ শ্রেণী | পাশের সন | ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জি পি এ | ৪র্থ বিষয় ব্যাতীত প্রাপ্ত জি পি এ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

১৩. সরকারী/ আধাসরকারী প্রতিষ্ঠান থেকে বৃত্তি/উপবৃত্তি পেয়ে থাকলে তার বিবরণ:

১৪. শিক্ষা ও মেধাবী বৃত্তির জন্য মনোনীত হলে যার বরাবর/ নামে অর্থ প্রদান করা হবে তার নাম ও সম্পর্ক: ..................

১৫. আমি শপথ করে বলছি যে, উপরোক্ত বিবরণ সত্য।

আবেদনকারীর স্বাক্ষর

---

### ২য় অংশ- শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয়:

১. আবেদনকারীর নাম (ক) বাংলায় :
(খ) ইংরেজী (বড় অক্ষরে) :

২. পিতার নাম: মাতার নাম: অভিভাবকের নাম:

৩. পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর:

৪. অধ্যয়নরত শ্রেণী: বিভাগ: শিক্ষাবর্ষ: রোল:

৫. প্রতিষ্ঠানের নাম: আইডি (যদি থাকে):

৬. প্রতিষ্ঠান প্রধানের টেলিফোন/ মোবাইল নম্বর:

৭. প্রতিষ্ঠানের ঠিকানা এবং ওয়েব সাইট (যদি থাকে) :

৮. প্রতিষ্ঠান প্রধানের মতামত : (শিক্ষার্থীর মেধা / আর্থিক / শারীরিক বিবরণসহ)।

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও নামসহ সীল

## শর্তাবলী:

১) শিক্ষার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাভুক্ত এলাকায় সরকার কর্তৃক স্বীকৃত সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত অস্বচ্ছল চাকুরিজীবীর সন্তানগণ উক্ত শিক্ষা ও মেধাবী বৃত্তির জন্য আবেদন করতে পারবে।

৩) শিক্ষা ও মেধাবী বৃত্তি প্রদানের ক্ষেত্রে প্রতিবন্ধি/বিশেষ চাহিদাসম্পন্ন, এতিম/অনাথ, পথশিশু, আদিবাসী, উপজাতি (ক্ষুদ্র নৃ-গোষ্ঠি), বেদে সম্প্রদায়, দলিত হরিজন, দরিদ্র, ভূমিহীন, গৃহহীন, দুঃস্থ শিক্ষার্থী, তয় লিঙ্গের শিক্ষার্থী এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত অস্বচ্ছল চাকুরিজীবীর সন্তানগণ অগ্রাধিকার পাবে।

৪) বিজ্ঞপ্তি প্রকাশের পরে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়েব সাইট www.dncc.gov.bd থেকে শিক্ষা ও মেধাবী বৃত্তির জন্য নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড অথবা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় এবং প্রধান কার্যালয়ের সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ হতে সংগ্রহ করে আবেদন করতে হবে।

৫) নির্ধারিত আবেদন ফরম ব্যাতিরেকে অন্য কোন আবেদন ফরমে অথবা লিখিত আবেদন করলে তা বাতিল বলে গণ্য হবে।

৬) নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত করে বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগে অথবা সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে দাখিল করতে হবে।

৭) বিজ্ঞপ্তি প্রকাশের পরে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে।

৮) প্রতিবন্ধী/বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধিতা সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯) SSC বা সমমান বোর্ড পরীক্ষার ফলাফল সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত অস্বচ্ছল চাকুরিজীবীর সন্তানদের ক্ষেত্রে জিপিএ-৪.৫ এবং প্রতিবন্ধী/বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ-৩.৫ হতে হবে।

১০) প্রতিবন্ধি/বিশেষ চাহিদাসম্পন্ন পথশিশু, এতিম/অনাথ, আদিবাসী, উপজাতি (ক্ষুদ্র নৃ-গোষ্ঠি), বেদে সম্প্রদায়, দলিত হরিজন, দরিদ্র, ভূমিহীন, গৃহহীন, দুঃস্থ শিক্ষার্থী, তয় লিঙ্গ শিক্ষার্থীদের ক্ষেত্রে স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর/সংশ্লিষ্ট কর্মকর্তা/ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়ন পত্র এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত অস্বচ্ছল চাকুরিজীবীর সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১১) শিক্ষাগত যোগ্যতার সকল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।

১২) পিতা/ মাতা/ আইনগত অভিভাবকের বাৎসরিক সাধারণ করমুক্ত আয় ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নিচে থাকতে হবে এবং আয়ের প্রত্যয়ন পত্র (সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/ সংশ্লিষ্ট কর্মকর্তা/ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ডিএনসিসি কর্তৃক প্রদেয়) দাখিল করতে হবে।

১৩) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৪) চূড়ান্তভাবে নির্বাচিত বৃত্তি প্রাপ্তদের নামের তালিকা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়েব সাইট www.dncc.gov.bd, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আঞ্চলিক কার্যালয়ে এবং সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগে পাওয়া যাবে। উল্লেখ থাকে যে, বৃত্তির অর্থ শিক্ষার্থীদের পিতা/ মাতা/ অভিভাবক এর নামে চেক মারফত এককালীন প্রদান করা হবে।

১৫) বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ বৃত্তি প্রদানের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং বৃত্তি প্রদান সংক্রান্ত যেকোন বিষয়ে বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬) একটি পরিবারে ০২জন শিক্ষার্থীর বেশি আবেদন করতে পারবে না।